

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি
সাগরিকা রোড, পাহাড়তলী, চট্টগ্রাম।
www.cevta.gov.bd

নথি নং-২য় (২১৭) বিসিটি/বিভাগীয় পদোন্নতি পরীক্ষা/২০২৬/১৫৫

তারিখ: ১০/০৬/২০২৬ খ্রিঃ

বিজ্ঞপ্তি


তৃতীয় শ্রেণির মিনিষ্ট্রিয়াল ও নির্বাহী কর্মচারীদের দ্বিতীয় শ্রেণির “সহকারী রাজস্ব কর্মকর্তা” পদে বিভাগীয় পদোন্নতি পরীক্ষা, ২০২৬ গ্রহণের জন্য যোগ্য প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান।

জাতীয় রাজস্ব বোর্ড, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপিল ট্রাইব্যুনাল এবং জাতীয় রাজস্ব বোর্ডের আওতাধীন কাস্টমস ও ভ্যাট অনুবিভাগের এর যথোপযুক্ত ও আগ্রহী প্রার্থী যারা, “ক্যাডার বহির্ভূত প্রথম ও দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (শুদ্ধ, আবগারী ও ভ্যাট) নিয়োগ ও কর্মের শর্তাবলী (সংশোধন) আইন, ২০১০ (২০১০ সালের ২৮ নং আইন) এর তফসিলে বর্ণিত শর্তসমূহ ও জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নম্বর: ০৮.০১.০০০০.০০০.০১৩.০৮.০০০৪.২৪/২০৫, তারিখ: ২৫ জুন ২০২৫ খ্রি. তারিখের প্রজ্ঞাপন এর বিভাগীয় পদোন্নতি পরীক্ষা (সহকারী রাজস্ব কর্মকর্তা) নীতিমালা, ২০২৫ এর অনুচ্ছেদ ৪ (১) এ বর্ণিত ছকে উল্লিখিত পদের বিপরীতে ন্যূনতম চাকুরীকাল আগামী ৩১ জুলাই, ২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে পূর্ণ করেছেন/করবেন এবং নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক যাদের চাকুরী স্থায়ীকরণ সংক্রান্ত আদেশ জারী করা হয়েছে তাদেরকে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম (www.cevta.gov.bd) এর ওয়েবসাইটে আপলোডকৃত নির্ধারিত অনলাইন ফরম ৩০ জুন ২০২৬ খ্রি. তারিখের মধ্যে পূরণপূর্বক অনলাইন হতে প্রিন্ট করে ০৩ (তিন) কপি সকল দলিলাদিসহ নামের তালিকা [প্রতিটি ০৩ (তিন) কপি করে আবেদনপত্র, চাকুরী স্থায়ীকরণ সংক্রান্ত আদেশ, বিশেষ করে স্নাতক/সমমান ডিগ্রি পাসের সনদপত্র উৎসমূলে যাচাই বাছাই করে সঠিকতা নিশ্চিতপূর্বক সহকারী কমিশনার/সহকারী পরিচালকের নিম্নে নহেন এমন কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে] সংযুক্ত ছকানুযায়ী এক্সেল শীটে nikosh ফন্টে পূরণ করে bcta2018@gmail.com -এ সফটকপি এবং আগামী ০৯ জুলাই ২০২৬ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে হার্ড কপি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম বরাবর পৌছানোর বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, কোনো প্রার্থী একাডেমি'র ওয়েবসাইট হতে নির্ধারিত ফরম পূরণ করতে সক্ষম না হলে ম্যানুয়াল পদ্ধতিতে পূরণকৃত আবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ০৯ জুলাই ২০২৬ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম বরাবর প্রেরণ করতে পারবেন।

এক্ষেত্রে প্রার্থীদের জন্য নিম্নবর্ণিত দিক নির্দেশনা অনুসরণীয়:

- বিভাগীয় পদোন্নতি পরীক্ষা (সহকারী রাজস্ব কর্মকর্তা) নীতিমালা, ২০২৫ এর অনুচ্ছেদ ৬ (ক) এ বর্ণিত সিলেবাস অনুযায়ী যে সকল পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে ইচ্ছুক তারা আবেদন করতে পারবেন।
- সংশ্লিষ্ট দপ্তরের সহকারী কমিশনার/সহকারী পরিচালক বা তদুর্ধ্ব কর্মকর্তা এবং জাতীয় রাজস্ব বোর্ড/আপিল ট্রাইব্যুনালের ক্ষেত্রে যথাক্রমে দ্বিতীয় সচিব (কাস্টমস ও ভ্যাট প্রশাসন-৪)/রেজিস্টার কর্তৃক স্নাতক/সমমান ডিগ্রি পাসের সনদপত্রের সত্যায়িত কপি (সনদপত্রটি বৈধ ও আইনগতভাবে গ্রহণযোগ্য হতে হবে), জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, চাকুরী স্থায়ীকরণের আদেশের সত্যায়িত কপি এবং পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- অনলাইনে পূরণকৃত/দাখিলকৃত আবেদনপত্রটি প্রিন্ট করে অন্যান্য দলিলাদিসহ সংযুক্ত নির্ধারিত ছকে এক্সেল শীটে nikosh ফন্টে পূরণ করে bcta2018@gmail.com -এ সফটকপি ও হার্ড কপি প্রেরণ করতে হবে।
- নির্ধারিত তারিখ (০৯ জুলাই ২০২৬ খ্রিঃ) অফিস চলাকালীন সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- কোনো পরীক্ষার্থী চাহিত কোনো তথ্য গোপন করলে কিংবা অসত্য তথ্যের আশ্রয় নিলে তার আবেদনটি বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে বিভাগীয়/ফৌজদারী ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানানো হবে।
- অনলাইনে আবেদনপত্র সঠিকভাবে পূরণ না করলে এবং চাহিত সকল সত্যায়িত দলিল (Documents) সংযুক্ত না করলে আবেদনপত্রটি বাতিল বলে গণ্য হবে।


১০/০৬/২০২৬
(ম. সফিউজ্জামান)
মহাপরিচালক
☎ 02-333380241
bcta2018@gmail.com